অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/2/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2024 স্টেট অফ দ্য স্টেটের প্রথম প্রস্তাবনা উন্মোচন করলেন: ভোক্তা সুরক্ষা ও ক্রয়ক্ষমতার এজেন্ডা

40 বছরের বেশি সময়ে নিউ ইয়র্কের ভোক্তা সুরক্ষা আইনের প্রথম সম্প্রসারণ এবং "এখন কিনুন পরে মূল্য পরিশোধ করুন" সেবাসমূহের ন্যায্যতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ

1989 সালের পর থেকে পেইড মেডিকেল ও অক্ষমতা ছুটি বেনিফিটে মুখ্য বৃদ্ধি; স্টেটব্যাপী গড় সাপ্তাহিক বেতনের সাথে বেনিফিটের বন্ধন

ইনসুলিনের জন্য বীমা কো-পে নির্মূল করার দেশসেরা পরিকল্পনা, শুধু 2025 সালেই নিউ ইয়র্কবাসীর 14 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে

নিউ ইয়র্কবাসীকে মেডিকেল বকেয়া থেকেই রক্ষা করতে সাহসী পদক্ষেপ, নিম্ন আয়ের রোগীদের বিরুদ্ধে মামলা করার হাসপাতালের ক্ষমতা সীমিত করা হবে, এবং আর্থিক সহায়তা কর্মসূচিসমূহকে সম্প্রসারিত করা হবে

অর্থবছর 2024 বাজেটে গভর্নর হোকলের নিশ্চিত করা সর্বনিম্ন বেতন নববর্ষের দিন থেকে কার্যকর হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি সুদূরপ্রসারী ভোক্তা সুরক্ষা ও ক্রয়ক্ষমতা এজেন্ডা (Consumer Protection & Affordability Agenda) উন্মোচন করলেন, এটি তার 2024 স্টেট অফ দ্য স্টেটের (State of the State) প্রথম অংশ। অন্যায় ব্যবসা অনুশীলনের বিরুদ্ধে ভোক্তা সুরক্ষা জোরদার করার জন্য; এখন কিনুন, পরে মূল্য পরিশোধ করুন (Buy Now Pay Later) ঋণ শিল্পখাতের জন্য দেশসেরা প্রবিধান স্থাপন করা; পেইড মেডিকেল ছুটি বেনিফিটের ক্ষেত্রে তিন দশকের বেশি সময়ে প্রথম মুখ্য বৃদ্ধি অগ্রসর করা; নির্দিষ্ট কিছু বীমা পরিকল্পনায় ইনসুলিনের জন্য কো-পে নির্মূল করতে দেশের সর্বাধিক ব্যাপক ব্যাপ্তির প্রস্তাবনা বাস্তবায়ন করতে; এবং মেডিকেল বকেয়ার মোকাবেলা করতে বিধিমালা প্রস্তাব করতে গভর্নর হোকল নিউ ইয়র্কের ভোক্তা আইন সংশোধন করার প্রস্তাবনা প্রদান করেছেন। নিউ ইয়র্কের সর্বনিম্ন বেতন বৃদ্ধি কার্যকর হওয়ার ঠিক এক দিন পূর্বে গভর্নর হোকল এইসব প্রস্তাবনা ঘোষণা করলেন।

"2024 স্টেট অফ দ্য স্টেটের প্রথম অংশ হলো আমাদের ভোক্তা সুরক্ষা ও ক্রয়ক্ষমতা এজেন্ডা, এটি অসুস্থতা, অক্ষমতা, অন্যায় ব্যবসায়িক অনুশীলন এবং কম বেতনের প্রভাবের মোকাবেলা করে," **গভর্নর হোকল বলেন।** "গত দুই বছর ছিলো নিউ ইয়র্কবাসীদের পকেটে আরো অর্থ ভরার ব্যবস্থা করার জন্য, এবং এই বছর হলো সেই অর্থ তাদের কাছেই রাখার ব্যবস্থা করার জন্য এবং মানুষের কষ্টার্জিত অর্থ নিরাপদ রাখার মাধ্যমে তার শুরু করা হবে।"

নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন, "অপিওয়েড সঙ্কটের জন্য দায়ী কোম্পানিসমূহের মোকাবেলা করা থেকে শুরু করে মূল্য গজিং, লুণ্ঠনমূলক বকেয়া সংগ্রহ এবং অন্যান্য প্রতারণামূলক ব্যবসায়িক অনুশীলন বন্ধ করা পর্যন্ত বহু কোম্পানির বিরুদ্ধে আমরা পদক্ষেপ নিয়েছি যারা নিউ ইয়র্কবাসীদের ক্ষতি করেছে। যদিও আমরা সবথেকে গুরুতর পক্ষসমূহকে বন্ধ করেছি, বহু মানুষকে কষ্ট প্রদানকারী অন্যায় ও শোষণকারী ব্যবসায়িক অনুশীলন বন্ধ করার ক্ষেত্রে নতুন এই বিলটি আমাদের সক্ষমতাকে সম্প্রসারিত ও বলীয়ান করবে। এই সুরক্ষাসমূহকে অগ্রাধিকার করার জন্য আমার অফিসের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য আমি গভর্নর হোকল, স্টেট সিনেটর কমরি, এবং অ্যাসেম্বলি সদস্য ওয়েইনস্টাইনকে ধন্যবাদ জানাতে চাই।"

ভোক্তা সুরক্ষা জোরদার করা

1980 সালের পর থেকে ভোক্তা আইনে সর্বাধিক উল্লেখজনক এই সম্প্রসারণের মাধ্যমে গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক স্টেটে ভোক্তা সুরক্ষা জোরদার করার জন্য পদক্ষেপের প্রস্তাবনা প্রদান করেছেন। যদিও বর্তমান আইন নিউ ইয়র্কবাসীকে প্রতারণামূলক ব্যবসায়িক অনুশীলনের বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে, কিন্তু নিউ ইয়র্ক হলো দেশের মাত্র আটটি স্টেটের মধ্যে একটি যেখানকার আইন অন্যায় ও শোষণমূলক ব্যবসায়িক অনুশীলন থেকেই সুরক্ষা প্রদানে ব্যর্থ হয়। ভোক্তা সুরক্ষা আইনের সম্প্রসারণ করার সংশোধনসমূহ নিউ ইয়র্কের ভোক্তা সুরক্ষা প্রদানকে রূপান্তরিত করে দিবে, ভোক্তা সুরক্ষা প্রয়োগ করার ক্ষেত্রে অ্যাটর্নি জেনারেলের ক্ষমতা বৃদ্ধি করবে, এবং মন্দ পক্ষকে দায়বদ্ধ করার জন্য স্টেটকে আরো ব্যবস্থা প্রদান করবে।

এছাড়াও এখন কিন্তু পরে মূল্য পরিশোধ করুন সেবাদানকারীদের জন্য স্টেটে কর্মকাণ্ড পরিচালনা করতে লাইসেন্স নেওয়া আবশ্যিক করতে এবং এই দ্রুত বর্ধিষ্ণু শিল্পখাতের জন্য প্রবিধান প্রস্তাবনা ও জারি করার জন্য নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা বিভাগকে (New York State Department of Financial Services) অনুমোদন প্রদান করতে গভর্নর হোকল বিধিমালার প্রস্তাবনা প্রদান করবেন। প্রতিদিনের এবং বড় আকারের ক্রয়ের মূল্য পরিশোধ করার জন্য গতানুগতিক ক্রেডিট পণ্যের একটি স্বল্প খরচের বিকল্প হিসেবে নিউ ইয়র্কবাসীরা ক্রমশ এখন কিন্তু পরে মূল্য পরিশোধ করুন সেবার দিকে ঝুঁকছে। এই বিধিমালা এবং প্রবিধান ডিসক্লোজার আবশ্যিকতা, দ্বন্দ্বের সমাধান এবং ক্রেডিট রিপোর্ট স্ট্যান্ডার্ড, বিলম্ব ফি সীমা, ভোক্তা ডেটা গোপনীয়তা, এবং ডার্ক প্যাটার্ন, বকেয়া জমে যাওয়া ও ওভারএক্সটেন্সন খর্ব করা সম্পর্কিত বলীয়ান শিল্পখাতের সুরক্ষা প্রতিষ্ঠা করবে।

পেইড মেডিকেল এবং অক্ষমতা ছুটির বেনিফিট সম্প্রসারণ করা

গভর্নর হোকল 35 বছরের মধ্যে প্রথমবার পেইড মেডিকেল এবং অক্ষমতা ছুটির সর্বোচ্চ বেনিফিট সম্প্রসারণ করার পরিকল্পনা ঘোষণা করলেন। পরিকল্পনার অধীনে,গভর্নর আগামী পাঁচ বছর ধরে সর্বোচ্চ সাপ্তাহিক বেনিফিট বৃদ্ধি করার জন্য অক্ষমতা আইন সংশোধন করার

প্রস্তাবনা পেশ করবেন এবং এটিকে স্টেটব্যাপী গড় সাপ্তাহিক বেতনের (Statewide Average Weekly Wage, SAWW) সাথে সম্বন্ধযুক্ত করবেন। পেইড পারিবারিক ছুটি বেনিফিটের সাথে ম্যাচ করার জন্য, মেডিকেল ছুটির প্রথম 12 সপ্তাহ যোগ্য কর্মচারীরা তাদের গড় সাপ্তাহিক বেতনের 67 শতাংশ লাভ করবে, যা পাঁচ বছর পর সম্পূর্ণ কার্যকর হলে SAWW এর 67 শতাংশে গিয়ে থামবে।

যেকোনো গর্ভাবস্থা সম্পর্কিত অবস্থাসহ নিজেদের স্বাস্থ্য চাহিদার জন্য কাজ থেকে ছুটি নেওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য উপলভ্য সর্বোচ্চ পেইড বেনিফিট 1989 সাল থেকে সপ্তাহে 170 মার্কিন ডলার সীমায় আটকে আছে। মেডিকেল ছুটি বলীয়ান করা হলে তা শুধু নারী ও পিতামাতাকে সমর্থন করবে না, বরং এছাড়াও অক্ষমতাসহ প্রায় প্রতি 5 জনের 1 জনের নিউ ইয়র্কবাসীকে সমর্থন করবে যাদের অক্ষমতা সম্পর্কিত স্বাস্থ্য চাহিদা পূরণ করার জন্য প্রায়শই কাজ থেকে ছুটি নিতে হয়।

ইনসুলিনের জন্য কো-পে নির্মূল

গভর্নর হোকল প্রস্তাবিত বিধিমালার মাধ্যমে ইনসুলিনের জন্য ব্যয় ভাগ করে নেওয়া সম্পূর্ণ নির্মূল করার একটি প্রস্তাব ঘোষণা করেছেন। প্রস্তাবনাটি ইনসুলিনের ব্যয় ভাগ করে নেওয়ার বিরুদ্ধে দেশের সবথেকে বিস্তৃত নিষেধাজ্ঞা প্রণয়ন করবে, যা নিউ ইয়র্কবাসীকে আর্থিক ত্রাণ প্রদান করবে এবং এইসব জীবন রক্ষাকারী ওষুধ প্রাপ্তিকে উন্নত করবে। 1.58 মিলিয়ন নিউ ইয়র্কবাসী ডায়াবেটিসে আক্রান্ত, তাই শুধু 2025 সালেই এই প্রস্তাবটি নিউ ইয়র্কবাসীর আনুমানিক 14 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে বলে ধারণা করা যাচ্ছে।

আমেরিকান ডায়াবেটিস অ্যাসোসিয়েশন (American Diabetes Association) অনুযায়ী, ডায়াবেটিসে আক্রান্ত মানুষের চিকিৎসা ব্যয় ডায়াবেটিস ছাড়া মানুষের তুলনায় 2.3 গুণ বেশি এবং অসামঞ্জস্যপূর্ণভাবে বেশি রোগের হারসহ অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহে এর প্রভাব আরো বেশি।

মেডিকেল বকেয়ার মোকাবেলা

এছাড়াও নিউ ইয়র্কবাসীকে মেডিকেল বকেয়া থেকে আরো ভালো সুরক্ষা প্রদান করার জন্য গভর্নর হোকল নিউ ইয়র্কের হাসপাতাল আর্থিক সহায়তা আইন হালনাগাদ ও সম্প্রসারণ করতেও বিধিমালা উপস্থাপন করেছেন। এই বিধিমালায় নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীকে মেডিকেল বকেয়া মামলা থেকে রক্ষা করতে সাহসী পদক্ষেপ থাকবে যেখানে ফেডারেল দারিদ্র সীমার (Federal Poverty Level) 400 শতাংশ কম উপার্জন করা রোগীদের (চার সদস্যের পরিবারের জন্য 120,000 মার্কিন ডলার) বিরুদ্ধে মামলা করার হাসপাতালের ক্ষমতা সীমিত করা হবে। বিধিমালাটি এছাড়াও নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য হাসপাতালের আর্থিক সহায়তা কর্মসূচি সম্প্রসারিত করবে, মেডিকেল বকেয়ার জন্য মাসিক পেমেন্টের আকার ও সুদের হার সীমিত করবে এবং আর্থিক সহায়তা পাওয়ার সুযোগ বৃদ্ধি করে এবং নিউ ইয়র্কবাসীর উপর মেডিকেল বকেয়ার ক্ষতিকর প্রভাব প্রশমন করার জন্য অন্যান্য সুরক্ষা বাস্তবায়িত করবে।

700,000 এর বেশি নিউ ইয়র্কবাসীর মেডিকেল বকেয়া এখন সংগ্রহ করা হচ্ছে। মেডিকেল বকেয়াসহ ব্যক্তিদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা গ্রহণ করার সম্ভাবনা কম থাকে এবং তারা খাদ্য,

হিট, এবং ভাড়ার মতো স্বাস্থ্যের অতি গুরুত্বপূর্ণ সামাজিক নির্ণায়ক কর্তন করতে বাধ্য হ। ফলস্বরূপ, উল্লেখজনক বকেয়ার মাত্রা শুধু বহু ব্যক্তি ও পরিবারের আর্থিক স্থিতিশীলতাকে ঝুঁকিগ্রস্ত করে না, বরং স্বাস্থ্য সমতা ও স্বাস্থ্য ফলাফল উন্নত করতে স্টেটের প্রতিশ্রুতির ভিত্তিও দুর্বল করে দিতে পারে।

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "গভর্নর হোকলের পদক্ষেপ নিম্ন আয়ের নিউ ইয়র্ক বাসীকে মেডিকেল বকেয়া মামলা থেকে রক্ষা করবে এবং হাসপাতালে আর্থিক সহায়তা কর্মসূচি সম্প্রসারিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। মেডিকেল বকেয়া ব্যক্তিদের আর্থিক সুস্থতায় যেই বিরূপ প্রভাব ফেলে এই বিধিমালাটি তার সমাধান করবে এবং সকল নিউ ইয়র্কবাসীকে মেডিকেল বকেয়া থেকে রক্ষা করার জন্য এটি একটি উল্লেখযোগ্য অগ্রগামী ধাপ।"

নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগের সুপারিন্টেনডেন্ট আড্রিয়ান এ. হ্যারিস বলেন, "বর্তমানে অনেক বেশি নিউ ইয়র্কবাসী ইনসুলিনের মতো অতি গুরুত্বপূর্ণ স্বাস্থ্যসেবা ক্রয় করা এবং ভাড়ার মতো দৈনন্দিন জীবনের ব্যয় পূরণ করতে গিয়ে করুণ আর্থিক অবস্থায় রয়েছে। যখন কোনো ব্যক্তিকে এই দুইটির মধ্যে একটিকে বাছাই করতে হয়, তখন তাদের জীবনে, তাদের পরিবারের জন্য স্বাস্থ্যের প্রভাব অগ্রাধিকার প্রায় না এবং এর পরিণতিতে স্বাস্থ্যসেবা ব্যবস্থাজুড়ে ব্যয় বৃদ্ধি পায়। বিকল্পও এর থেকে ভালো কিছু না। সকল ব্যয় পূরণ করার জন্য যথেষ্ট নগদ অর্থ না থাকলে, নিউ ইয়র্কবাসীদেরকে এখন কিনুন পরে মূল্য পরিশোধ করুন পণ্য নিতে হয়, যার ফলে এমন কোম্পানির কাছে তাদের বকেয়া সৃষ্টি হয় যারা বহুদিন ধরে এই স্টেটে কোনো গাইডরেল ছাড়াই কর্মকাণ্ড পরিচালনা করছে। ইনসুলিনের মতো অতি গুরুত্বপূর্ণ ওষুধের মূল্যে লাগাম লাগানো, বা এখন কিনুন পরে মূল্য পরিশোধ করুন এর জন্য ভোক্তা সুরক্ষা প্রতিষ্ঠা করা, যেকোনো বিষয়ে আমাদের আর্থিক ব্যবস্থা যাতে নিউ ইয়র্কবাসীদের বিপক্ষে কাজ না করে তাদের পক্ষে কাজ করে তা নিশ্চিত করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্ক স্টেট কর্মী ক্ষতিপূরণ বোর্ডের (New York State Workers' Compensation Board) প্রধান ক্ল্যারিসা এম. রড্রিগেজ বলেন, "অক্ষমতা বেনিফিটের সীমাকে বেতনের 67 শতাংশে পৌঁছানো পর্যন্ত বৃদ্ধি করা, নিউ ইয়র্ক স্টেটের পেইড পারিবারিক ছুটির (NYS Paid Family Leave) সমতুল হওয়ার অর্থ হবে নিউ ইয়র্ক বাসীরা পরিবারের কোনো সদস্যের জন্য বা নিজেদের স্বাস্থ্য চাহিদা পূরণ করার জন্য একই আর্থিক নিরাপত্তা লাভ করবে। কর্মচারীদের যখন নিজেদের বা প্রিয়জনের দেখাশোনা করতে হবে তখন তাদের অতি গুরুত্বপূর্ণ উপার্জন পাওয়া নিশ্চিত করতে গভর্নর হোকলের বলীয়ান পদক্ষেপের আমি প্রশংসা করছি।"

AARP নিউ ইয়র্ক স্টেট পরিচালক বেথ ফিঙ্কেল বলেন, "নিউ ইয়র্কের ভোক্তাদেরকে অন্যায় ব্যবসায়িক অনুশীলন থেকে রক্ষা করতে এবং আমাদের সর্বাপেক্ষা দুর্বল কিছু বাসিন্দাকে বিপর্যয় সৃষ্টিকারী ব্যক্তিগত আর্থিক বিপত্তির কারণ হতে পারে এমন নীতিহীন কর্মকাণ্ড থেকে সুরক্ষা প্রদান করার জন্য গভর্নর হোকল আরেকবার পথ প্রদর্শন করছেন। মেডিকেল বকেয়া যাতে একজন রোগীর ক্রেডিট রিপোর্টে দেখা না যায় তা নিশ্চিত করে বিধিমালায় স্বাক্ষর করার জন্য AARP সম্প্রতি গভর্নর হোকলের প্রশংসা করে। প্রেসক্রিপশন ওষুধের মূল্যকে আরো স্বচ্ছ করার উদ্দেশ্যে তিনি যখন একটি বিল প্রণয়ন করেন তখন আমরা

আরেকবার তা করি, কারণ বহু নিউ ইয়র্কবাসী যেই ওষুধের উপর নির্ভর করে তার ক্রমবর্ধমান মূল্যের সমাধানে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বিশেষ করে বয়স্ক নিউ ইয়র্কবাসীরা এইসব নতুন আইন দ্বারা লাভবান হবে। ভোক্তা সুরক্ষা সম্প্রসারণ করার জন্য এবং নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীকে মেডিকেল বকেয়া থেকে রক্ষা করার জন্য গভর্নরের পরিকল্পনাকে আমরা উৎসাহিত করছি। সকল নিউ ইয়র্কবাসীকে প্রতারণামূলক ও শোষণকারী অনুশীলন থেকেই রক্ষা করার জন্য আরো ভোক্তা সুরক্ষা প্রদান করার জন্য গভর্নরের সর্বশেষ এই প্রয়াস শুরু করতে তার সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

মোবিলাইজেশন ফর জাস্টিসের (Mobilization for Justice) অর্থনৈতিক ন্যায়বিচারের লিটিগেশন পরিচালক ক্যারোলিন কোফি বলেন, "মন্দ পক্ষসমূহ নিউ ইয়র্কের বিদ্যমান ভোক্তা সুরক্ষা সংবিধির দুর্বলতাকে ব্যবহার করে এবং নিয়মিতভাবে দুর্বল ভোক্তা ও ক্ষুদ্র ব্যবসাসমূহকে শোষণ করে থাকে। বহু দশক পুরোনো সংবিধিটি হালনাগাদ করা অতি প্রয়োজনীয় যাতে এটি এর মূল উদ্দেশ্য পূরণ করতে পারে এবং অসাধু ও আবর্তনশীল বাজার কর্মকাণ্ডের সাথে তাল মেলাতে পারে। স্টেটের জন্য এই ব্যাপারে 40টির বেশি অন্যান্য জুরিসডিকশনের সমকক্ষ হওয়ার এবং স্টেটে সকল অর্থনৈতিক কর্মকাণ্ডের সম্ভাব্য সর্বোচ্চ মানদণ্ড স্থাপন করা এবং নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে প্রান্তিক সম্প্রদায়ের নিউ ইয়র্কবাসীদের জন্য অর্থপূর্ণ সুরক্ষা নিশ্চিত করার সময় এসেছে। নিউ ইয়র্ক গৃহস্থালি এবং ক্ষুদ্র ব্যবসাকে রক্ষা করার এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের জন্য আমরা গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রশংসা করছি।"

ভোক্তা সুরক্ষা ও ক্রয়ক্ষমতার এজেন্ডা

গভর্নর হোকলের ভোক্তা সুরক্ষা ও ক্রয়ক্ষমতার এজেন্ডা হলো নিউ ইয়র্কবাসীর কষ্টার্জিত অর্থ তাদের কাছেই রাখার জন্য তার প্রশাসনের প্রয়াসের অনুবর্তী। মূল্য গজিং এবং মেডিকেল বকেয়া থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা প্রদান করার জন্য গভর্নর গত বছর বিধিমালা স্বাক্ষর করেন। এছাড়াও 2022 সালে গভর্নর লাইভ ইভেন্টের টিকেট ক্রয়ের ক্ষেত্রে ভোক্তাদের জন্য লুকানো ফি নিষিদ্ধ করে, স্ক্যাল্পার বট এবং টিকেট ক্রয়ের সফটওয়্যার ব্যবহারের জরিমানা বৃদ্ধি করে, বিনামূল্যের টিকেট বিক্রিকে বেআইনি করে এবং ইলেক্ট্রনিক্যালি প্রদত্ত বা বাড়িতে প্রিন্ট করে নেওয়ার টিকেটের জন্য ডেলিভারি ফি নিষিদ্ধ করে বিধিমালায় স্বাক্ষর করেন।

এই প্রস্তাবনাসমূহও সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও আরো বসবাসযোগ্য করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী। অর্থবছর 2024 বাজেটের অংশ হিসেবে, গভর্নর নিউ ইয়র্কের সর্বনিম্ন বেতনের জন্য একটি ঐতিহাসিক, বহু বছরের বৃদ্ধি নিশ্চিত করেছেন যা 2027 পর্যন্ত সর্বনিম্ন বেতনকে বৃদ্ধি করবে এবং এর পর তা মুদ্রাস্ফীতির সাথে ইনডেক্স করে দিবে। এছাড়া গভর্নর হোকল স্টেটের আবাসন সরবরাহ বৃদ্ধির মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সঙ্কট মোকাবেলা করার জন্য এবং আবাসন মূল্য হ্রাস করার জন্য নির্বাহী পদক্ষেপ অগ্রসর করতে চাপ প্রয়োগ করেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন